



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Answer Worksheet - 24
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ - পরীক্ষণ

Date : 02.12.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

গত শতাব্দীতে একদল লোক অনেক রকম বুদ্ধি বার করল। তারা ভাবল, সাহারার মধ্যে কয়েকটি নদী বইয়ে আনলে বালুময় ভূ - গর্ভকে উর্বর করে তোলা যেতে পারে। কোনো দল ভাবতে বসল দূরের আকাশ থেকে জলভরা মেঘের দল উড়িয়ে আনতে পারলে কাজ হবে। কিন্তু এই অনুর্বর ভূভাগের মধ্যে জিনিসপত্র সাজসরঞ্জাম অথবা লোকজনের আনাগোনা চালাতে গেলে রেলপথ নির্মাণ করা আগে দরকার। তখন সাজসাজ রব পড়ে গেল। কর্নেল ফ্ল্যাটার্স নামক একজন অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারী তাঁর দলবল নিয়ে প্রস্তুত হলেন।

১) সাহারার কী?

উঃ সাহারার হল একটি মরুভূমি।

২) সাহারাকে উর্বর করার জন্য প্রথমে কী ভাবা হয়?

উঃ সাহারাকে উর্বর করার জন্য প্রথমে ভাবা হয়, এই মরুভূমির মধ্যে নদী বইয়ে আনার কথা।

৩) অনুর্বর ভূভাগে জিনিসপত্র নিয়ে যেতে হলে কী দরকার?

উঃ অনুর্বর ভূভাগে জিনিসপত্র নিয়ে যেতে হলে রেলপথের ব্যবস্থা করা দরকার।

৪) কখন সাজসাজ রব পড়ে গেল?

উঃ যখন ঠিক হল যে সাহারায় রেলপথ নির্মাণ করা হবে, তখন তা নির্মাণের জন্য সাজসাজ রব পড়ে গেল।

৫) সাহারায় রেলপথ নির্মাণের জন্য কে প্রস্তুত হন?

উঃ সাহারায় রেলপথ নির্মাণের জন্য কর্নেল ফ্ল্যাটার্স নামক একজন অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারী প্রস্তুত হন।

৬) অর্থ লেখ : শতাব্দী

শতাব্দী — একশো বছর।

৭) বিপরীত শব্দ লেখো : বুদ্ধি

বুদ্ধি — নিবুদ্ধি।

৮) শূন্যস্থান পূরণ করো :

কোনো দল ভাবতে বসল দূরের আকাশ থেকে জলভরা মেঘের দল উড়িয়ে আনতে পারলে কাজ হবে।

৯) বাক্য রচনা করো : কর্মচারী

কর্মচারী — পুঞ্জের বোনাস পেয়ে কর্মচারীরা খুব খুশি হল।

১০) বহুবচনের রূপ লেখো : মেঘ

মেঘ — মেঘরাজি।

১১) পদ পরিবর্তন করো : আকাশ

আকাশ — আকাশী।

১২) সমার্থক শব্দ লেখো : নদী

নদী — তটিনী।